# বাংলাদেশ নৌবাহিনী বার্ষিকী 'নাবিক-২০২৫' মুদ্রণের জন্য দরপত্রের শর্তাবলী

১। প্রস্থ ৮˝× দৈর্ঘ্য ১১˝ সাইজের আনুমানিক ১৫২-১৬০ পৃষ্ঠা (১৯/২০ ফর্মা) কলেবরে বাংলাদেশ নৌবাহিনী বার্ষিকী 'নাবিক-২০২৫' (ফোর কালার) এর ১৫০০ (এক হাজার পাঁচশত) কপি 120gsm (±5gsm) গ্লোসি আর্ট পেপারের উভয় পৃষ্ঠায় ছাপাতে হবে।

২। প্রতি কপি জার্নালের মূল্য উল্লেখপূর্বক মোট খরচ ছাপাখানার নিজস্ব প্যাডে প্রিন্ট করে ০৩ (তিন কপি) দরপত্র দাখিল করতে হবে। ফর্মা/পৃষ্ঠা হ্রাস-বৃদ্ধিতে আনুপাতিক হারে মূল্য হ্রাস-বৃদ্ধি হবে।

৩। 300gsm (±5gsm) ম্যাট পেপারে সরবরাহকৃত ছবির নির্দেশিত অংশ এম্বোসডসহ জার্নালটির Cover page প্রস্তুত এবং নমুনা/নির্দেশনা মোতাবেক ভিতরের পৃষ্ঠাসমূহ বিন্যাস/সজ্জিত করতে হবে।

৪। মুদ্রণ কাগজ ও Cover page এর নমুনা কাগজ দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৫। দরপত্র প্রদানকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ নৌবাহিনী/সশস্ত্র বাহিনী/মেরিটাইম সংক্রান্ত প্রকাশনা বা এতদ্সম্পর্কীয় প্রকাশনার কনটেন্ট, ডিজাইন, গ্রাফিক্স এবং সম্পাদনা কার্যক্রমের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে (অভিজ্ঞতার নমুনা আবশ্যক)।

৬। প্রকাশনাটির জন্য দক্ষ ডিজাইনার/অপারেটর নিয়োগ করতে হবে। কাজের গতিশীলতা ও ধারাবাহিকতা রক্ষার লক্ষ্যে অনিবার্যকারণ ছাড়া নিয়োগকৃত ডিজাইনার/অপারেটর পরিবর্তন করা যাবে না। উল্লেখ্য, প্রকাশনার কনটেন্ট, ডিজাইন, গ্রাফিক্স সংক্রান্ত কাজের ক্ষেত্রে ডিজাইনার/অপারেটরকে প্রয়োজনীয়তা সাপেক্ষে নৌ শিক্ষা পরিদপ্তরের সাথে সংযুক্ত থেকে কাজ করতে হবে।

৭। যাবতীয় টাইপিং ও গ্রাফিক্স ডিজাইনের কাজ নির্বাচিত প্রতিষ্ঠান সম্পন্ন করবে এবং প্রফেশনাল প্রুফ রিডার দিয়ে জার্নালের সকল প্রকার লেখার মান, ভাষা ও বানানের ত্রুটি-বিচ্যুতিসমূহ দূর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৮। নির্বাচিত প্রেস কর্তৃক যাবতীয় লেখার এডিট/প্রুফ কপি ০৫ (পাঁচ) বার এবং খসড়া ডামি প্রয়োজন সাপেক্ষে অন্তত ০৩ (তিন) বার প্রদান করবে।

৯। নমুনা মোতাবেক Cover page এর ০৩ (তিন)টি প্রচ্ছদ এবং জার্নালটির প্রথম ডামি প্রস্তুত করে ০৭ আগস্ট ২০২৫ এর মধ্যে নৌবাহিনী সদর দপ্তর, নৌ শিক্ষা পরিদপ্তরে পৌঁছাতে হবে।

১০। খসড়া/ডামি সম্পাদনা পর্ষদের নির্দেশনামতে প্রয়োজনীয় সংশোধনকরত বাংলাদেশ নৌবাহিনী বার্ষিকী 'নাবিক- ২০২৫' এর পূর্ণাঙ্গ চূড়ান্ত ডামি সম্পাদনা পর্ষদের চাহিদা অনুযায়ী নৌসদরে পৌঁছাতে হবে।

১১। চূড়ান্তভাবে অনুমোদিত ডামি অনুযায়ী ১৫০০ (এক হাজার পাঁচশত) কপি জার্নাল নিখুঁতভাবে মুদ্রণ ও বাঁধাইকরত (নির্দেশনামতে জুস/গ্লু বাইন্ডিং) ১৫০০টি খামসহ (নমুনা অনুযায়ী) ২০ নভেম্বর ২০২৫ এর মধ্যে অফিস চলাকালীন সময়ে নিজ খরচে নৌ শিক্ষা পরিদপ্তর, নৌবাহিনী সদর দপ্তরে সরবরাহ করতে হবে।

১২। নির্ভুল মুদ্রণ/প্রকাশনা কার্যক্রম সমাপ্তির পর 'বাংলাদেশ নৌবাহিনী বার্ষিকী নাবিক-২০২৫' ওয়েব সাইটে প্রকাশের উপযোগী সফট কপি (পিডিএফ ফরমেটে ডিভিডিতে - ০২টি) নৌ শিক্ষা পরিদপ্তরে প্রেরণ করতে হবে।

১৩। জার্নালের গুণগত মান নিশ্চিতকরণের জন্য মুদ্রণ পূর্ব, মুদ্রণকাল ও মুদ্রণোত্তর কোনো ত্রুটি পরিলক্ষিত হলে অথবা যে কোনো ধরণের পরিবর্তন, পরিমার্জন বা সংশোধনের (ফর্মার সংখ্যা ব্যতিরেকে) প্রয়োজন হলে তা প্রেস/প্রতিষ্ঠান কর্তৃক কোটেশনে নির্ধারিত মূল্যের মধ্যেই যথাযথ সংশোধনপূর্বক মুদ্রণ ও বাঁধাই করে দিবে এবং এর জন্য উক্ত প্রেস বা প্রতিষ্ঠান অতিরিক্ত কোনো মূল্য আরোপ করতে পারবে না।

১৪। বাজারদর সংশ্লিষ্ট কারণ দেখিয়ে জার্নাল সংক্রান্ত কার্যক্রমের জন্য নির্বাচিত প্রেস/প্রতিষ্ঠান পরবর্তীতে খরচ বৃদ্ধির ব্যাপারে কোনোরূপ আবেদন-নিবেদন করতে পারবে না।



D:\Shamsul\NABIK\Nabik-File\(ED-1008-Nabik file (23.02.2626.145.55.057).doc

১৫। কার্যশেষে যাবতীয় লেখা, ছবি, খসড়া, ডামি ইত্যাদি নৌ শিক্ষা পরিদপ্তরে যথাযথভাবে ফেরৎ প্রদান করতে হবে।

১৬। অতালিকাভুক্ত সরবরাহকারীগণের নিকট হতে দরপত্রের সাথে মোট মূল্যের উপর ৫% সিকিউরিটি মানি ভারপ্রাপ্ত কর্মকর্তা নৌ উপ ভান্ডার ঢাকা এর নিকট নির্দেশনা মোতাবেক জমা দিতে হবে (ফেরৎযোগ্য)।

১৭। সরকারি নীতিমালা অনুযায়ী বিল হতে ভ্যাট/কর কর্তন করা হবে।

১৮। দরপত্র সংক্রান্ত প্রতিটি কাগজে প্রতিষ্ঠানের মালিক/ম্যানেজারের/দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির সিলসহ স্বাক্ষর থাকতে হবে।

১৯। দরপত্রের সাথে সংযুক্ত কাগজপত্রের ফটোকপি গেজেটেড কর্মকর্তা কর্তৃক নাম ও পদবীযুক্ত সীল দ্বারা সত্যায়িত হতে হবে।

২০। দরপত্রের সাথে নিম্নের কাগজপত্র দাখিল করতে হবে :

ক। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
খ। চারিত্রিক সনদপত্রের ফটোকপি।
গ। আয়কর দাখিলের সর্বশেষ সনদপত্রের ফটোকপি।
ঘ। ট্রেড লাইসেন্সের ফটোকপি।
ঙ। TIN Certificate এর ফটোকপি।
চ। বিগত ০৬ মাসের ব্যাংক স্টেটমেন্ট।
ছ। ব্যাংকের নিজস্ব প্যাডে ব্যাংক কর্তৃক প্রদত্ত প্রতিষ্ঠানের নামে ব্যাংক একাউন্ট নম্বর উল্লেখকরত ব্যাংক সচ্ছলতা (Solvency) সনদপত্র।
জ। ২০ নভেম্বর ২০২৫ তারিখের মধ্যে (অফিস চলাকালীন) জার্নালগুলো নিজ খরচে নৌ শিক্ষা পরিদপ্তর, নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা ১২১৩ ঠিকানায় পৌঁছাবেন এ মর্মে ছাপাখানার নিজস্ব প্যাডে মালিক/ম্যানেজার কর্তৃক অঙ্গীকার পত্র।

২১। সংশ্লিষ্ট কাজের সক্ষমতা যাচাইয়ের জন্য সম্পাদনা পর্ষদ কর্তৃক দরপত্রে অংশগ্রহণকারী প্রতিষ্ঠান/মুদ্রণ সংস্থা/প্রিন্টিং প্রেস সরেজমিনের পরিদর্শন করা হবে।

২২। ক্রয়াদেশ প্রদানের পর মালামাল সরবরাহের ক্ষেত্রে বিলম্ব/অপারগতা প্রকাশ করলে নৌবাহিনীর বিধি মোতাবেক আর্থিক জরিমানা/কর্তন করা হবে।

২৩। দরপত্র সম্পর্কিত কোনো Confusion থাকলে দরপত্র দাখিলের পূর্বে বিষয়টি সম্পর্কে নিশ্চিত হতে হবে। পরবর্তীতে এ সংক্রান্ত কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না।

২৪। গৃহীত Tender Offer সমূহে কেবল সর্বনিম্ন দরদাতাই Purchase Order পাবেন তা নিশ্চিত হওয়ার অবকাশ নেই। প্রকাশনার ক্ষেত্রে গুণগত মান এবং কাজের দক্ষতাও বিবেচনায় রাখা হবে।

২৫। চাহিদাকৃত নমুনা প্রদানসহ দরপত্রের সকল শর্তপূরণ না করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

২৬। বাংলাদেশ নৌবাহিনী কর্তৃপক্ষ কোনো কারণ প্রদর্শন ছাড়াই যেকোনো সময় যেকোনো দরপত্র/ক্রয়াদেশ আংশিক/সম্পূর্ণ বাতিল অথবা গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।